

সোনার বাংলা গড়ার প্রত্যয়

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কর্তৃক
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

“The nation must be united against corruption” -বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

২০১২ সালে প্রণীত “জাতীয় শুদ্ধাচার কৌশল” অনুযায়ী “শুদ্ধাচার” বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ বোঝায়। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদণ্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তিপর্যায়ে এর অর্থ হল কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট বিভিন্ন কার্যক্রম পরিকল্পনা করেছে। সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলঃ-

- (০১) সিএএফও ও উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত মনিটরিং।
- (০২) এই কার্যালয়ের মাসিক সভায় শুদ্ধাচারের উপর গুরুত্ব প্রদান করে নিয়মিত আলোচনা।
- (০৩) এই কার্যালয়ের কর্মকর্তাগণ হতে এই কৌশল বাস্তবায়ন সংক্রান্ত মতবিনিময় ও ফিডব্যাক নেয়া হয়।
- (০৪) শুদ্ধাচার কৌশল প্রয়োগে মনিটরিং আরও জোরদার ও বেগবান করতে এই কার্যালয় একটি কমিটি গঠন করেছে।
- (০৫) প্রতিবছর সিএএফও মহোদয় কর্তৃক এই কার্যালয়ের প্রতিটি স্তরে একজন করে শুদ্ধাচার পুরস্কারের জন্য তালিকা করে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে পাঠানো হয়ে থাকে। যেমন-

ক্রমিক	পদবি	সংখ্যা (জন)	নির্বাচন পদ্ধতি
০১	ডিসিএএফও	০১	শুদ্ধাচার কৌশল প্রয়োগ কমিটি কর্তৃক নির্বাচিত
০২	এসিএএফও	০১	
০৩	এএন্ডএও	০১	
০৪	এসএএস সুপার	০১	
০৫	অডিটর	০১	
০৬	অন্যান্য	০১	
মোট		০৬ জন	

(০৬) “জাতীয় শুদ্ধাচার কৌশল” অনুযায়ী এই কার্যালয়ের কার্যক্রম (Intervention) ছকটি নিম্নরূপঃ

ক্রমিক	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	সময়	দায়িত্ব	সহায়তাকারী
০১	পেনশন, জিপিএফ সহ অন্যান্য আর্থিক কার্যক্রম	পেনশন, জিপিএফ সহ অন্যান্য আর্থিক বিধিসমূহ	চলমান	চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়